



গণ বিশ্ববিদ্যালয়ে প্রথম আলো বন্ধুসভার অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত



ছবি: প্রতিনিধি

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) প্রথম আলো বন্ধুসভার আহ্বায়ক কমিটি ২০২৫-এর অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৯ মে) সকালে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি সভাকক্ষে এ অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি স্বাস্থ্য বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফুয়াদ হোসেন বলেন, তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় ক্যাম্পাস সাংবাদিকতায় যুক্ত ছিলেন এবং তখন নিয়মিত প্রথম আলো পড়তেন সংবাদ লেখা শেখার জন্য। তার মতে, ক্যাম্পাস পর্যায়ে প্রথম আলোর কার্যক্রম তাকে অনুপ্রাণিত করেছিল। তিনি আরও বলেন, দেশের গুরুত্বপূর্ণ সময়ে প্রথম আলোও বিভিন্ন ধরনের চাপ ও আঘাতের মুখোমুখি হয়েছে।

প্রথম আলো বন্ধুসভার গবি শাখার উপদেষ্টা অধ্যাপক নিলয় কুমার দে বলেন, গবির শিক্ষার্থীরা সবসময় সৃজনশীল কাজে সক্রিয় ভূমিকা রাখে। বন্ধুসভা তাদের জ্ঞানচর্চা ও সৃজনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি আরও জানান, অনুষ্ঠান আয়োজন করতে আয়োজকদের রোদ-বৃষ্টি উপেক্ষা করে কঠোর পরিশ্রম করতে হয়েছে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় পর্যদের সহ-সভাপতি নুরে আলম বলেন, ডা. জাফরুল্লাহ চৌধুরী মানুষের কল্যাণে কাজ করে গেছেন এবং অর্থের পেছনে না ছুটে মানবসেবাকে প্রাধান্য দিয়েছেন। তিনি বলেন, বন্ধুসভার সদস্যরাও নিজেদের অর্থায়নে স্বেচ্ছাসেবামূলক কাজ করে যাচ্ছে। বাধা ও প্রতিকূলতার মধ্যেও তারা থেমে যায় না, বরং সময় নিয়ে আবার নতুনভাবে কাজ শুরু করে।

অনুষ্ঠানে ১৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটির নাম ঘোষণা করা হয় এবং নবগঠিত কমিটির সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

কমিটিতে মেডিকেল ফিজিও অ্যান্ড বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের নুসরাত জাহান জিদনী আহ্বায়ক এবং আইন বিভাগের রাজিউল ইসলাম শান্ত সদস্য সচিব হিসেবে দায়িত্ব পান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণ বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা ব্যারিস্টার শিহাব উদ্দিন খান, স্বাস্থ্য বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফুয়াদ হোসেন, রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. নিলয় কুমার দে, প্রথম আলো বন্ধুসভার গবি শাখার উপদেষ্টাবৃন্দ, কেন্দ্রীয় পর্যদের নেতৃবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।